

১৬. (ক) ২০১৩

২০১৩

২০১৩

স্মারক নম্বর : ৪৯.০১.০০০০.০০২.২৩.৩৮৪.১৪. ১৭৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।


তারিখ : ১২ .০৭.২০১৮খ্রিঃ

“ নোটিশ ”

সরকারি কর্মচারীদের সৃজনশীল কর্ম, মেধা, মননশীলতা ও উদ্ভাবনী প্রয়াসকে উৎসাহী করার মাধ্যমে কর্মস্পৃহা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উৎসাহিত করার জন্য ২৩ জুলাই তারিখকে সরকার কর্তৃক ‘জাতীয় পাবলিক সার্ভিস দিবস’ ঘোষণা করা হয়েছে। ২০১৭ সাল থেকে ‘জাতীয় পাবলিক সার্ভিস দিবস’ যথাযথভাবে পালন করা হচ্ছে।

০২. সুশাসনের চালেঞ্জসমূহ মোকাবেলায় জনসেবা প্রদানে ও দেশের সার্বিক উন্নয়নে রাজনৈতিক অঙ্গিকারের পাশাপাশি সরকারি কর্মচারীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এক্ষেত্রে জনপ্রশাসনের ভূমিকা সরকারের ইতিবাচক পদক্ষেপসমূহ ও সাফল্য জনগণের সামনে আনুষ্ঠানিকভাবে তুলে ধরতে ‘জাতীয় পাবলিক সার্ভিস দিবস’ উদযাপন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

০৩. তদনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে আগামী ২৩ শে জুলাই, ২০১৮ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় বিএমইটি’র সম্মেলন কক্ষে ‘জাতীয় পাবলিক সার্ভিস দিবস’ উদযাপন উপলক্ষ্যে একটি বিশেষ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় বিএমইটি’র সহকারি পরিচালক ও তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তাকে যথাসময়ে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


(মোহাম্মদ আতাউর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ৮৩০০২৬৪ (অফিস)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণমান ও পরিকল্পনা/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. সকল কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
৩. অধ্যক্ষ, বিকে/বিজি/ফজিলাতুল্লাহ মুজিব মহিলা টিটিসি, মিরপুর, ঢাকা।
৪. উপপরিচালক (বাজেট ও আইটি), বিএমইটি, ঢাকা (বিএমইটি’র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. উপপরিচালক (সাধারণ সেবা), বিএমইটি, ঢাকা (আপ্যায়ন ও লজিস্টিক সার্পোর্ট প্রদানের অনুরোধসহ)
৬. সহকারি পরিচালক, ডিইএমও, ঢাকা।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
৮. অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
৯. সভাপতি/সাধারণ সম্পাদক, নন-গেজেটেড সরকারি কর্মচারি সমিতি, বিএমইটি, ঢাকা।
১০. প্রাক্তন সভাপতি, নন-গেজেটেড সরকারি কর্মচারি সমিতি, বিএমইটি, ঢাকা।
১১. মাস্টার নথি/২০১৮।